**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 12-01-2026** **Desk in Charge :- SDG**
**Time: 7-50 P.M.** **Compiling : NBR**
**DEO:- KB** **NRT : NBR**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ -

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১/ আই-প্যাকের কর্ণধারের বাড়ি ও দপ্তরে তল্লাশিতে বাধা দেওয়ার অভিযোগে ইডি, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী সহ পুলিশের একাধিক শীর্ষ কর্তার বিরুদ্ধে সুপ্রিমকোর্টে মামলা দায়ের করেছে। আলাদাভাবে পিটিশন দাখিল করেছেন, সংস্থার তিন আধিকারিক'ও।

২/ স্বামী বিবেকানন্দের ১৬৩-তম জন্ম বার্ষিকী দেশজুড়ে জাতীয় যুব দিবস হিসেবে উদযাপিত হচ্ছে।

৩/ একগুচ্ছ সরকারি প্রকল্পের উদ্বোধনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী ১৭'ই জানুয়ারী শনিবার, রাজ্যে আসছেন। # হাওড়া-গুয়াহাটি বন্দে ভারত স্লিপার সহ একাধিক ট্রেনের যাত্রার সূচনা করবেন তিনি।

৪/ রাজ্যে নীপা ভাইরাসে আক্রান্ত দুই রোগির সন্ধান মেলায়, সরকারের পক্ষ থেকে সবরকম সতর্কতামূলক ব্যবস্থা নেওয়া হচ্ছে।

৫/ মকর সংক্রান্তির আগেই গঙ্গাসাগর মেলা কার্যত জনসমুদ্র।

*************************************************************

আই-প্যাকের কর্ণধার প্রতীক জৈনের পার্কস্ট্রিটের বাড়ি এবং সল্টলেকের অফিসে তল্লাশিতে বাধা দেওয়ার অভিযোগে সুপ্রিমকোর্টে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সহ রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার, কলকাতা পুলিশ কমিশনার মনোজ কুমার ভার্মা, দক্ষিণ কলকাতার ডেপুটি পুলিশ কমিশনার প্রিয়ব্রত রায়ের বিরুদ্ধে আজ সরাসরি মামলা দায়ের করলো ইডি। এর পাশাপাশি ইডির তিন আধিকারিকও আলাদা ভাবে পিটিশন দায়ের করেছেন। এই ঘটনায় সিবিআই তদন্তের নির্দেশ দেওয়ার আর্জি জানিয়েছে ইডি। ইডির বক্তব্য, তাদের অভিযান চলাকালীন রাজ্যের মুখ্যমন্ত্রী তদন্তের একাধিক গুরুত্বপূর্ণ নথি,ইলেকট্রনিক ডিভাইস জোর করে নিয়ে যান। ভারতীয় ন্যায় সংহিতার একাধিক ধারায় তা চুরি ও ডাকাতির সমান। রাজ্যের মুখ্যমন্ত্রী যেভাবে কলকাতা পুলিশ কমিশনার, এসিস্ট্যান্ট কমিশনারদের সঙ্গে নিয়ে ইডির কয়লা দূর্নীতির তদন্তের কাজে বাধা দিয়েছেন তা খুবই অস্বাভাবিক।

ইডির পক্ষ থেকে শীর্ষ আদালতে দায়ের করা মামলায় উল্লেখ করা হয়েছে, ৮ জানুয়ারি ইডি প্রায় ৩ হাজার কোটি টাকার কয়লা দুর্নীতির তদন্তে দিল্লি ও কলকাতার একাধিক জায়গায় তল্লাশি চালায়। সেই কাজেই আই প্যাক নামে এক সংস্থার অফিস এবং কর্ণধার প্রতীক জৈনের বাড়িতে গিয়েছিল তারা। এই এজেন্সি মারফত কয়লা দূর্নীতির অন্তত ২০ কোটি টাকা পাচার হয়েছে বলে ইডির কাছে খবর ছিল।

ইডির পিটিশনে উল্লেখ করা হয়েছে, কলকাতা হাইকোর্টে যখন ইডি জরুরি ভিত্তিতে এই বিষয়ে মামলা করে শুনানির আবেদন করেছিল সেই সময় এজলাসে সম্পূর্ণ পরিকল্পিত ভাবে তৃণমূল কংগ্রেস সমর্থক আইনজীবীদের ভিড় করিয়ে মামলার শুনানি ভেস্তে দেওয়া হয়েছে। বিভিন্ন হোয়াটসাপ চ্যাট থেকে তার প্রমান পাওয়া যাচ্ছে। পশ্চিমবাংলায় এখন বিস্ময়কর পরিস্থিতি। এর প্রেক্ষিতেই শীর্ষ আদালতের দ্বারস্থ হতে বাধ্য হয়েছে ইডি। আগামীকাল শীর্ষ আদালতে এই মামলার শুনানি হতে পারে।

******************************

স্বামী বিবেকানন্দের জন্মদিন আজ। নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে ১৬৩-তম জন্মবার্ষিকী সাড়ম্বরে উদযাপিত হচ্ছে। স্বামীজীর জন্মদিনটি দেশজুড়ে ‘জাতীয় যুব দিবস’ হিসেবে

উদযাপিত হচ্ছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ অন্যরা, দিনটি উপলক্ষ্যে দেশবাসীকে স্বামীজীর জীবন দর্শনের কথা স্মরণ করিয়ে দিয়েছেন। প্রধানমন্ত্রী বলেছেন, স্বামীজির কর্মকান্ড, প্রতিটি প্রজন্মকে অনুপ্রাণিত করে। ( বাইট- মোদী / স্বামীজি )

যুব দিবসে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি স্বামী বিবেকানন্দের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। পশ্চিমবঙ্গ সরকারের যুব কল্যাণ ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে বিবেকানন্দ যুবভারতী ক্রীড়াঙ্গনে 'বিবেক চেতনা উৎসব' পালিত হয়। বেলুড়মঠে আজ ৪২ তম জাতীয় যুব দিবস পালিত হচ্ছে |

বিজেপির পক্ষ থেকে দিনটি উপলক্ষ্যে নানা অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, পাতিপুকুর, সিমলা স্ট্রিট এবং বিজেপির রাজ্য দপ্তরে স্বামীজির মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান। উত্তর ২৪ পরগণার বারাসাতে ডক্টর শ্যামাপ্রসাদ মুখার্জী সেবা ও সাংস্কৃতিক মঞ্চের উদ্যোগে আয়োজিত এক অনুষ্ঠানে যোগ দিয়ে শ্রী ভট্টাচার্য বলেন, স্বামীজিকে সম্মান জানানোর অধিকার সকলেরই আছে। কিন্তু মহান এই মনীষীর ছবির ওপর তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জীর ছবি থাকার নিন্দা করেন তিনি।

( বাইট- শমীক )

সিমলা স্ট্রিটে স্বামীজির ভিটেতে গিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার সহ দলের নেতা কর্মীরা।

*****************************

একগুচ্ছ সরকারি প্রকল্পের উদ্বোধনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী ১৭'ই জানুয়ারী শনিবার, রাজ্যে আসছেন। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জানিয়েছেন, ঐদিন মালদায় প্রধানমন্ত্রী বেশ কয়েকটি ট্রেনের উদ্বোধন করবেন। এর মধ্যে রয়েছে হাওড়া-গুয়াহাটি (কামাখ্যা) বন্দে ভারত স্লিপার ট্রেন এবং বেশ কয়েকটি অমৃত ভারত এক্সপ্রেস। পাশাপাশি তিনি একটি জনসভাতেও অংশ নিয়ে ভাষণ দেবেন।

পরদিন ১৮ তারিখ হুগলীর সিঙ্গুরে’ও প্রধানমন্ত্রীর অপর একটি জনসভায় ভাষণ দেওয়ার কথা।
এদিকে, এই বন্দে ভারত স্লিপার ট্রেনের মাধ্যমেই পশ্চিমবঙ্গে রেল যাত্রার এক নতুন দিগন্ত উন্মোচিত হচ্ছে।

একটি প্রতিবেদন-         ( ভিসি- কল্যাণ লাহা )

****************************

কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গে রেলের উন্নয়নে একগুচ্ছ পদক্ষেপ নিয়েছে। ২০১৪ সালের পর এ রাজ্যের জন্য রেলের বাজেট বরাদ্দ ৩ গুন বাড়ানো হয়েছে। এক বিবৃতিতে রেল মন্ত্রক জানিয়েছে ২০০৯ থেকে ২০১৪ সাল পর্যন্ত বাংলার রেল খাতে বাজেট বরাদ্দ যেখানে ৪ হাজার ৩৮০ কোটি টাকা ছিল, পরবর্তী সময় তা বেড়ে দাঁড়িয়েছে প্রায় ১৪ হাজার কোটি টাকায়। বর্তমানে রাজ্যে ৮৭ হাজার ৮০০ কোটি টাকার বেশি মূল্যের একাধিক রেল প্রকল্পের কাজ চলছে। গত ১ দশকে রাজ্যে ১ হাজার ৩৬২ কিলোমিটার নতুন রেলপথ তৈরী হয়েছে, যা সংযুক্ত আরব আমিরশাহির সামগ্রিক রেলপথের তুলনায় বেশি। এরফলে, বিভিন্ন ব্যস্ত রেলপথে ট্রেনচলাচল আরো সুগম হয়েছে , উপকৃত হয়েছেন যাত্রীরা। বেশ কিছু রুটের ডবল লাইন রেল যোগাযোগ এবং কিছু রেল নেটওয়ার্কের গেজ রূপান্তরের ফলে নিরবচ্ছিন্ন রেল পরিষেবা সম্ভব হচ্ছে। এছাড়াও অমৃত ভারত স্টেশনের অধীনে পশ্চিমবঙ্গের ১০১টি স্টেশনের জন্য বরাদ্দ করা হয়েছে ৩ হাজার ৬০০ কোটি টাকা। এর মধ্যে গত মে মাসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পানাগড়, জয়চন্ডী পাহাড় এবং কল্যাণী ঘোষপাড়া স্টেশনের যাত্রী পরিষেবার উদ্বোধন করেছেন। তবে রাজ্য সরকারের সহযোগিতার অভাব এবং জমি অধিগ্রহনের সমস্যার ফলে কেন্দ্রীয় তহবিল এবং অনুমোদন থাকা সত্ত্বেও বহু প্রকল্প বন্ধ হয়ে রয়েছে। কেন্দ্রের পক্ষ থেকে বারংবার এই প্রকল্পগুলি চালু করার চেষ্টা করা হলেও, রাজ্যস্তরের ছাড়পত্র পেতে বিলম্ব হওয়ায় প্রকল্পগুলির সুফল থেকে সাধারণ মানুষ বঞ্চিত হচ্ছেন।

****************************

রাজ্যে নীপা ভাইরাসে আক্রান্ত দুজনের সন্ধান মিলেছে। এরা দুজনেই উত্তর চব্বিশ পরগনার বারাসতে একটি বেসরকারি হাসপাতালে কর্মরত। এই খবর মেলার পরেই মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী আজ নবান্নে স্বাস্থ্য সচিব নারায়ন স্বরূপ নিগম ও অন্যান্য আধিকারিকদের সঙ্গে জরুরী বৈঠক করেন। মুখ্যসচিব বলেন, ঐ হাসপাতালেই তাঁরা চিকিৎসাধীন রয়েছেন। স্বাস্থ্য দপ্তরের এক প্রতিনিধি দল তাদের শারীরিক অবস্থার উপরে নজর রাখছে। তাদের চিকিৎসায় রাজ্য সরকার সব ধরনের সহায়তা করবে।
কর্মসূত্রে তারা পূর্ব বর্ধমানে গিয়ে এই রোগে আক্রান্ত হয়েছেন বলে মনে করা হচ্ছে। রোগীরা কাদের সংস্পর্শে এসেছিলেন, তাও জানার চেষ্টা চলছে। পাশাপাশি পূর্ব বর্ধমান, উত্তর চব্বিশ পরগনা ও নদীয়া জেলাতে বাড়ানো হয়েছে নজরদারি। বাদুড়-বাহিত এই রোগ প্রতিরোধে একটি মান্য কার্যবিধি তৈরির পাশাপাশি সাধারন মানুষকে অযথা আতঙ্কিত না হয়ে সতর্ক থাকার আবেদন জানিয়েছেন তিনি।
এইজন্যে খোলা হয়েছে দুটি হেল্পলাইন নাম্বার'ও।

নিপা ভাইরাস ছড়িয়ে পড়া আটকাতে রাজ্য সরকার সব ধরনের সতর্কতা মূলক ব্যবস্থা গ্রহণ করেছে বলে মুখ্য সচিব জানান।

*****************************

দক্ষিণ ২৪ পরগণার চম্পাহাটির হাড়াল এলাকায় বাজি কারখানার বিষ্ফোরণে আহত চারজনের মধ্যে একজনের মৃত্যু হয়েছে। গৌরহরি গাঙ্গুলী নামে ৬০ বছর বয়সী ওই ব্যক্তি এম আর বাঙ্গুর হাসপাতালে ভর্তি ছিলেন। তাঁর দেহের প্রায় ১০০ শতাংশই পুড়ে গিয়েছিল।
এদিকে, রাহুল পুঁই নামে অপর এক আহতের শারীরিক অবস্থাও অত্যন্ত আশঙ্কাজনক। যদিও এখনো পর্যন্ত ওই ঘটনায় কেউ গ্রেপ্তার হয়নি।

*****************************

চলতি মাসের মাঝামাঝি নাগাদ একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের জন্য চূড়ান্ত প্যানেল প্রকাশ করা হবে। ইতিমধ্যেই এ জন্য ইন্টারভিউ প্রক্রিয়া শেষ হয়েছে। ১২ হাজার ৫১৪ টি শূন্যপদের জন্য ২১ শে জানুয়ারির মধ্যে চূড়ান্ত প্যানেল প্রকাশ করা হবে বলে স্কুল সার্ভিস কমিশন জানিয়েছে। তার এক সপ্তাহের মধ্যেই শুরু হবে

কাউন্সেলিং। ফেব্রুয়ারি মাসের প্রথমে নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ করার লক্ষ্যেই প্রস্তুতি চালানো হচ্ছে বলে কমিশন জানা গেছে।

উল্লেখ্য, শিক্ষোক নিয়োগ দুর্নীতির কারণে ২০১৬ সালের নিয়োগের প্যানেল সুপ্রিম কোর্ট, বাতিল করে নতুন ভাবে নিয়োগ প্রক্রিয়া করার নির্দেশ দিয়েছিল।

*****************************

মকর সংক্রান্তির আগে গঙ্গাসাগর মেলা কার্যত জনসমুদ্রে পরিণত হয়েছে। কলকাতার বাবুঘাট থেকে কাকদ্বীপের লট নম্বর আট মুখী সাগরমেলা স্পেশাল বাসের দীর্ঘ লাইন চোখে পড়েছে। কাকদ্বীপের লট নম্বর আট ও সাগরের কচুবেড়িয়া জেটিঘাটেও পুণ্যার্থীদের ভিড় । মেলার অফিসে এক সাংবাদিক সম্মেলনে মন্ত্রী অরূপ বিশ্বাস জানান, গত পয়লা জানুয়ারি থেকে আজ বিকেল পর্যন্ত প্রায় ৪৫ লক্ষ পুণ্যার্থী গঙ্গাসাগর মেলায় এসেছেন। তিনি আরও জানান, দুই অসুস্থ পুণ্যার্থীকে এয়ার অ্যাম্বুল্যান্সে করে কলকাতার হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাঁদের মধ্যে একজন উত্তরপ্রদেশের বাসিন্দা, অন্যজন হরিয়ানার ঝাজ্জর জেলা থেকে এসেছিলেন।

*****************************

মেঘ কেটে যাওয়ায় এবং জলীয় বাষ্পের পরিমাণ কমায় আজ সকাল থেকেই রাজ্যের সব জেলাতেই আবার শীত অনুভূত হচ্ছে।
দক্ষিণবঙ্গে আজ সব থেকে কম তাপমাত্রার রেকর্ড করা হয়েছে কল্যাণীতে ৭.৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে তিন দশমিক দুই ডিগ্রি কম।
উপকূলের জেলাগুলোতেও আজ তাপমাত্রা বেশ কিছুটা কমেছে।
উত্তরবঙ্গের সমতলে কোচবিহার জেলায় আজ সব থেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে নয় দশমিক এক ডিগ্রি সেলসিয়াস, এছাড়া দার্জিলিং পাহাড়ি এলাকায় আজ তাপমাত্রা ছিল ১ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস। সকালের দিকে মালদা এবং দক্ষিণ ২৪ পরগনা জেলায় হালকা কুয়াশা দেখা যায়।
আগামী সাত দিন রাজ্যের সব জেলাতেই শীত বজায় থাকবে এবং তাপমাত্রার বিশেষ হেরফের হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

বিকেলে আলিপুরে দিনের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে- ২৩ দশমিক ৭'ডিগ্রি সেলসিয়াস। স্বাভাবিকের থেকে যা এক দশমিক এক ডিগ্রি কম।

****************************

বিপ্লবী মাস্টারদা সূর্য সেনের **৯৩** তম আত্মবলিদান দিবসে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ তাকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হচ্ছে। **১৯৩০** সালের **১৮ই** এপ্রিল মাস্টারদার নেতৃত্বে চট্টগ্রামের ব্রিটিশ অস্ত্রাগার লুণ্ঠন করা হয়। **১৯৩৪** সালের **১২** জানুয়ারি ফাঁসি হয় তাঁর।

*******************************************************************